# বিএড প্রোগ্রাম

## (Bachelor of Education Programme)

# ছাত্র নির্দেশিকা

# (Student Guide)

| | | |
|---|---|---|
| TQI Working For Quality | স্কুল অব এডুকেশন<br>বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় |

# ছাত্র নির্দেশিকা
**(Student Guide)**

**প্রথম প্রকাশ**
জুলাই, ২০০৮

**পুনর্মুদ্রণ**
জানুয়ারি, ২০১১
অক্টোবর, ২০১১
অক্টোবর, ২০১২
মার্চ, ২০১৪
জুন, ২০১৫
অক্টোবর, ২০১৭
জানুয়ারি, ২০১৯

**প্রচ্ছদ**
কভার গ্রাফিক্স

**কম্পিউটার কম্পোজ**
মো: জাকির হোসেন

**প্রকাশনায়**
প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫

**মুদ্রণে**

---------------
---------------, ঢাকা- ১০০০।

**প্রিয় শিক্ষার্থী**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন ১৯৯২-১৯৯৩ শিক্ষা বর্ষ থেকে বিএড প্রোগ্রাম পরিচালনা করছে। যুগোপযোগী একটি শিক্ষক প্রশিক্ষণ প্রোগ্রাম প্রবর্তনের মাধ্যমে বাংলাদেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় অগ্রণী ভূমিকা পালন করা স্কুল অব এডুকেশন-এর বিএড প্রোগ্রামের মুখ্য উদ্দেশ্য। এ উদ্দেশ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন Teaching Quality Improvement in Secondary Education Project "TQI-SEP"-এর সহযোগিতায় ২০০৮ সাল থেকে নতুন বিএড প্রোগ্রাম পরিচালনা করছে। এ প্রোগ্রামের বিষয়বস্তু এবং শিখন-শিক্ষণ পদ্ধতিতে যেমন নতুনত্ব রয়েছে তেমনি মূল্যায়ন পদ্ধতিতেও কিছু পরিবর্তন আনা হয়েছে। এ প্রোগ্রাম সংক্রান্ত যাবতীয় প্রয়োজনীয় তথ্য এই নির্দেশিকায় সন্নিবেশিত করা হলো।

ভর্তি হওয়ার পর পুরো সময় ছাত্র নির্দেশিকাটি যত্ন সহকারে ব্যবহার ও সংরক্ষণ করবেন। বিস্তারিত পাঠ্যসূচিসহ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য এতে দেয়া আছে। এছাড়াও আপনার প্রয়োজনে স্কুল অব এডুকেশন, স্টাডি সেন্টার, শিক্ষার্থী সহায়ক বিভাগসহ অন্যান্য বিভাগের সাথে যোগাযোগের জন্য ঠিকানা সংযোজন করা হয়েছে। আপনার মনে যখন যে বিষয়ে প্রশ্ন দেখা দেবে এই ছাত্র নির্দেশিকার সূচিপত্র অনুসারে সংশিষ্ট অংশটি মনোযোগ সহকারে পড়বেন। প্রয়োজনবোধে এ সকল বিষয়ে সহপাঠীদের সঙ্গেও আলাপ করতে পারেন।

স্কুল অব এডুকেশন একাডেমিক কাউন্সিলের অনুমোদনক্রমে বিএড প্রোগ্রামের কোনো বিশেষ অংশের পরিবর্তন বা পরিমার্জন করতে পারে। তবে, যে কোনো পরিবর্তন আপনাদের যথাসময়ে অবহিত করা হবে।

**প্রফেসর মো: আনোয়ারুল ইসলাম**
সমন্বয়কারী
বিএড প্রোগ্রাম

**প্রফেসর সুফিয়া বেগম**
ডিন
স্কুল অব এডুকেশন

# সূচিপত্র


| অধ্যায় | | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **প্রথম অধ্যায়** | **ভর্তি সংক্রান্ত তথ্য** | | **১** |
| | ১.১: | প্রোগ্রাম পরিচিতি | ১ |
| | ১.২: | রেজিস্ট্রেশন | ২ |
| | ১.৩: | বিএড প্রোগ্রামে প্রদেয় ফি | ৩ |
| | ১.৪: | প্রাপ্য সুবিধাদি | ৫ |
| **দ্বিতীয় অধ্যায়** | **শিক্ষাক্রম ও পাঠ্যসূচি** | | **৬** |
| | ২.১: | শিক্ষাক্রমের আবশ্যকীয় দিক | ৬ |
| | ২.২: | টিউটোরিয়াল সেশন ও উপস্থিতি | ৮ |
| | ২.৩: | কোর্সভিত্তিক মানবণ্টন | ৯ |
| | ২.৪: | টিউটোরিয়াল সেশন ও পাঠদান অনুশীলনের সময়সূচি | ১০ |
| | ২.৫: | পাঠ উপস্থাপন | ১২ |
| | ২.৬: | পরীক্ষার সময়সীমা ও ভাষা | ১৩ |
| | ২.৭: | প্রশ্নপত্রের ধরন | ১৪ |
| | ২.৮: | পাঠদান অনুশীলন ও মৌখিক পরীক্ষা | ১৪ |
| | ২.৯: | নির্ধারিত কাজ | ১৪ |
| | ২.১০: | গবেষণা রিপোর্ট | ১৬ |
| | ২.১১: | ব্যবহারিক | ১৭ |
| | ২.১২: | পাস নম্বর ও ডিগ্রি প্রাপ্তির শর্ত | ১৭ |

| | | | |
|---|---|---|---|
| **তৃতীয় অধ্যায়** | **প্রয়োজনীয় ঠিকানা** | | **১৮** |
| | ৩.১: | বিএড প্রোগ্রাম সংক্রান্ত যে কোনো তথ্য জানার ঠিকানা | ১৮ |
| | ৩.২: | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা | ১৯ |
| | ৩.৩: | স্টাডি সেন্টারসমূহের নাম ও ঠিকানা | ২০ |
| | ৩.৪: | জনতা ব্যাংকের নির্ধারিত শাখাসমূহের ঠিকানা | ২১ |
| **চতুর্থ অধ্যায়** | **পরিচিতিমূলক তথ্য** | | **২২** |
| | ৪.১: | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় | ২২ |
| | ৪.২: | উন্মুক্ত ও দূরশিক্ষা পদ্ধতি | ২২ |
| | ৪.৩: | স্কুল অব এডুকেশন পরিচিতি | ২৩ |
| | ৪.৪: | টিউটরবৃন্দ | ২৩ |
| | ৪.৫: | বিএড প্রোগ্রাম কমিটি | ২৪ |

# প্রথম অধ্যায়: ভর্তি সংক্রান্ত তথ্য

## ১.১: প্রোগ্রাম পরিচিতি

- **প্রোগ্রাম শিরোনাম:** ব্যাচেলর অব এডুকেশন (বিএড)
- **প্রোগ্রাম কোড:** EDBN
- **প্রোগ্রামের উদ্দেশ্য:** সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য দক্ষ শিক্ষক তৈরি করা।
- **মেয়াদ:** প্রোগ্রামটি ন্যূনতম ১ বৎসর থেকে সর্বোচ্চ ৫ বৎসরের মধ্যে শেষ করা যাবে। কেউ যদি পাঁচ শিক্ষা বৎসরে প্রোগ্রামের সবগুলো কোর্স সাফল্যের সাথে সমাপ্ত করতে না পারেন তবে একই আঞ্চলিক কেন্দ্রে পুনরায় রেজিস্ট্রেশন করে (টাকা জমা দিয়ে) পরবর্তী দুই বৎসরের মধ্যে অসমাপ্ত কোর্সগুলো শেষ করতে পারবেন।
- **সিমেস্টার সংখ্যা:** ২ (প্রতি সিমেস্টারের মেয়াদ ৬ মাস)।
- **ক্রেডিট:** ৬২ ক্রেডিট।
- **কোর্স সংখ্যা** (অর্থাৎ প্রতি শিক্ষার্থীকে যে সংখ্যক কোর্স সম্পন্ন করতে হবে):

| কোর্সের ধরন | কোর্স সংখ্যা | ক্রেডিট |
|---|---|---|
| বাধ্যতামূলক | ৮টি | ২৪ |
| স্কুল পাঠ্য বিষয় | ৪টি | ২০ |
| পাঠদান অনুশীলন | ২টি স্কুল বিষয়ে ৯০টি পাঠদান | ১৮ (প্রতি ৫টি পাঠদান = ১ ক্রেডিট) |
| | | মোট = ৬২ |

- বাধ্যতামূলক কোর্স ছাড়াও প্রতি সিমেস্টারের ২টি স্কুল পাঠ্য বিষয়ে ২টি কোর্স নির্বাচন করতে হবে। এক্ষেত্রে ‘ক’ গ্রুপ থেকে ১টি এবং ‘খ’ গ্রুপ থেকে ১টি করে মোট ২টি স্কুল পাঠ্য বিষয় নির্বাচন করতে হবে।

- **মূল্যায়নঃ** প্রতি সিমেস্টার শেষে চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

[পরীক্ষার বিস্তারিত সময়সূচি বাউবি'র আঞ্চলিক কেন্দ্রসমূহে বিজ্ঞপ্তি, পত্রিকা, বেতার ও টেলিভিশনের মাধ্যমে জানানোর ব্যবস্থা রয়েছে।]

- **নম্বর বণ্টন**

| | |
|---|---|
| ➢ মোট | ১০০০ |
| ➢ তত্ত্বীয় পরীক্ষা | ৫৩০ |
| ➢ নির্ধারিত কাজ (Assignment) | ১২০ |
| ➢ ব্যবহারিক পরীক্ষা | ২৫ |
| ➢ গবেষণা রিপোর্ট | ২৫ |
| ➢ পাঠদান অনুশীলন মূল্যায়ন | ২৫০ |
| ➢ মৌখিক পরীক্ষা | ৫০ |

- **বিএড প্রোগ্রামের শিক্ষাক্রম পাঁচটি শিখন ক্ষেত্রে (Field of Study) বিভক্ত। এগুলো হলোঃ**
    - ➢ পেশাগত বিষয়াবলি (Professional Studies- PS)
    - ➢ শিক্ষা বিষয়াবলি (Educational Studies- ES)
    - ➢ শিক্ষণ বিষয়াবলি (Teaching Studies- TS)
    - ➢ প্রযুক্তি ও গবেষণা বিষয়াবলি (Technology and Research Studies- RS)
    - ➢ পাঠদান অনুশীলন (Teaching Practice- TP)

## ১.২ঃ রেজিস্ট্রেশন

- রেজিস্ট্রেশন ফর্ম ও শিক্ষার্থী কার্ড আঞ্চলিক/স্থানীয় কো-অর্ডিনেটিং অফিস থেকে সংগ্রহ করতে হবে।
- নির্বাচিত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফর্ম পূরণের নিয়ম আঞ্চলিক/স্থানীয় কো-অর্ডিনেটিং অফিস থেকে জেনে নিতে হবে।

- রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থী তার নির্দিষ্ট আঞ্চলিক কেন্দ্রে/স্থানীয় কো-অর্ডিনেটিং অফিসে নির্দিষ্ট তারিখে ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে নির্ধারিত শিক্ষার্থী কার্ড ও রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করবেন।
- রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:
    - ➢ সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদসহ একটি করে সত্যায়িত কপি (রেজিস্ট্রেশনের পর মূল সনদ ফেরত দেওয়া হবে)।
    - ➢ ব্যাংকে প্রয়োজনীয় ফি জমা দেওয়ার রশিদ।

## ১.৩: বিএড প্রোগ্রামে প্রদেয় ফি

নির্বাচিত শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত হারে ফি বাবদ অর্থ জমা দিয়ে বিএড প্রোগ্রামে রেজিস্ট্রেশন লাভ করবেন:

**সিমেস্টার: ১ম** (প্রতি শিক্ষার্থী)

| | | | |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | | ২৫০.০০ |
| ২. | একাডেমিক ক্যালেন্ডার ফি | | ৫০.০০ |
| ৩. | কোর্স ফি | ৫৫০/-×৬টি কোর্স | ৩,৩০০.০০ |
| ৪. | ব্যবহারিক কোর্স ফি (ধারাবাহিক অনুশীলনী পাঠদান ২টি কোর্স) EDBN 1461, EDBN 1462 | ৫৫০/-×২টি কোর্স | ১,১০০.০০ |
| ৫. | চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি EDBN 1471 | ৫৫০/-×১টি কোর্স | ৫৫০.০০ |
| ৬. | সিমেস্টার নম্বরপত্র ফি | | ১০০.০০ |
| ৭. | পরীক্ষার ফি | | ৩০০.০০ |
| | | **মোট =** | **৫,৬৫০.০০** |

## সিমেস্টার: ২য় (প্রতি শিক্ষার্থী)

| | | | |
|---|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | | ২৫০.০০ |
| ২. | কোর্স ফি | ৫৫০/-×৬টি কোর্স | ৩,৩০০.০০ |
| ৩. | ক. ব্যবহারিক কোর্স ফি<br>ক. ধারাবাহিক অনুশীলনী পাঠদান ২টি কোর্স EDBN 2461, EDBN 2462 | ৫৫০/-×২টি কোর্স | ১,১০০.০০ |
| | খ. মৌলিক কম্পিউটার দক্ষতা ১টি কোর্স EDBN 2318 | ৬০০/-×১টি কোর্স | ৬০০.০০ |
| ৪. | চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি EDBN 2471 | ৫৫০/-×১টি কোর্স | ৫৫০.০০ |
| ৫. | পরীক্ষার ফি | | ৩০০.০০ |
| ৬. | সিমেস্টার নম্বরপত্র ফি | | ১০০.০০ |
| ৭. | চূড়ান্ত নম্বরপত্র ফি | | ৪০০.০০ |
| ৮. | সাময়িক সনদপত্র ফি | | ৩০০.০০ |
| | | **মোট =** | **৬,৮৫০.০০** |

- কোনো কোর্সে (তত্ত্বীয় ও ব্যবহারিক) অকৃতকার্য হলে অথবা অনুপস্থিত থাকলে এবং পরবর্তীকালে পরীক্ষা দিতে হলে প্রতিটি কোর্সের জন্য ১২০.০০ টাকা হারে পুনঃপরীক্ষার ফি জমা দিতে হবে।

- **অন্যান্য ফি**

| | |
|---|---|
| ➢ মূল সনদপত্র ফি | ৫০০.০০ |
| ➢ ট্রান্সক্রিপ্ট ফি | ৪০০.০০ |
| ➢ প্রশংসাপত্র ফি | ১০০.০০ |
| ➢ মাইগ্রেশন সনদ ফি | ৩০০. ০০ |

## ১.৪: প্রাপ্য সুবিধাদি

- মুদ্রিত পাঠসামগ্রী।
- প্রতিটি কোর্সের জন্য টিউটোরিয়াল সার্ভিস সুবিধা।
- টিভি ও বেতার পাঠের মাধ্যমে শিক্ষা গ্রহণের সুযোগ।
- বাউবি'র ওয়েব সাইট www.bou.edu.bd থেকে বিএড প্রোগ্রমের সকল বই e-Book হিসেবে পাঠ গ্রহণ ও ডাউনলোডের সুবিধা।
- বাউবি'র ওয়েব সাইট www.bou.edu.bd এর BouTube থেকে বিএড প্রোগ্রমের ভিডিও লেকচার দেখা ও ডাউনলোডের সুবিধা।
- আঞ্চলিক বা স্থানীয় কেন্দ্রে পরামর্শ গ্রহণের সুবিধা।
- প্রতি সিমেস্টারের পরীক্ষার নম্বরপত্র।
- স্কুল অব এডুকেশন-এর শিক্ষকদের নিকট থেকে শিক্ষা সংক্রান্ত যাবতীয় পরামর্শ গ্রহণের সুযোগ।

**অডিও, ভিডিও, সিডি পাঠ প্রস্তুত করা হলে শিক্ষার্থী নির্ধারিত নিয়ম অনুসারে সেগুলো সংগ্রহ করতে পারবেন।**

# দ্বিতীয় অধ্যায়

# শিক্ষাক্রম ও পাঠ্যসূচি

## ২.১: শিক্ষাক্রমের আবশ্যকীয় দিক

| বাধ্যতামূলক বিষয়াবলি | শিরোনাম | নম্বর |
|---|---|---|
| পেশাগত বিষয়াবলি (দুটি কোর্স) | (১ক) আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ১ (EDBN 1311)<br>(১খ) আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ২ (EDBN 1312) | ৫০ নম্বর<br>৫০ নম্বর |
| শিক্ষা বিষয়াবলি (চারটি কোর্স) | (২ক) মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ১ (EDBN 1313)<br>(২খ) মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ২ (EDBN 1314)<br>(৩ক) শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১ (EDBN 2315)<br>(৩খ) শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ২ (EDBN 2316) | ৫০ নম্বর<br>৫০ নম্বর<br>৫০ নম্বর<br>৫০ নম্বর |
| প্রযুক্তি ও গবেষণা বিষয়াবলি (দুটি কোর্স) | (৪ক) কর্মসহায়ক গবেষণা (EDBN 2317)<br>(৪খ) মৌলিক কম্পিউটার দক্ষতা (EDBN 2318) | ৫০ নম্বর<br>৫০ নম্বর |
| পাঠদান অনুশীলন | (৫) পাঠদান অনুশীলন- ১ (EDBN 1461, EDBN 1462)<br>(৬) পাঠদান অনুশীলন- ২ (EDBN 2461, EDBN 2462)<br>(৭) মৌখিক পরীক্ষা (EDBN 1471, EDBN 2472) | ১২৫ নম্বর<br>১২৫ নম্বর<br>৫০ নম্বর |

| নৈর্বাচনিক (শিক্ষণ বিষয়াবলি) কোর্সসমূহঃ | **‘ক’ বিভাগ থেকে ১টি এবং ‘খ’ বিভাগ থেকে ১টি করে মোট ২টি বিষয় নিতে হবে** | |
|---|---|---|
| **‘ক’ বিভাগ**<br><br>**১টি বিষয় নিতে হবে** | (১ক) বাংলা শিক্ষণ- ১ (EDBN 1521)<br>(১খ) বাংলা শিক্ষণ- ২ (EDBN 2521)<br>(২ক) ব্যবসায় শিক্ষা শিক্ষণ- ১ (EDBN 1522)<br>(২খ) ব্যবসায় শিক্ষা শিক্ষণ- ২ (EDBN 2522)<br>(৩ক) ইংরেজি শিক্ষণ- ১ (EDBN 1523)<br>(৩খ) ইংরেজি শিক্ষণ- ২ (EDBN 2523)<br>(৪ক) গণিত শিক্ষণ- ১ (EDBN 1524)<br>(৪খ) গণিত শিক্ষণ- ২ (EDBN 2524) | ১৫০ নম্বর |
| **‘খ’ বিভাগ**<br><br>১টি বিষয় নিতে হবে | (৫ক) বিজ্ঞান শিক্ষণ- ১ (EDBN 1525)<br>(৫খ) বিজ্ঞান শিক্ষণ- ২ (EDBN 2525)<br>(৬ক) সামাজিক বিজ্ঞান শিক্ষণ- ১ (EDBN 1531)<br>(৬খ) সামাজিক বিজ্ঞান শিক্ষণ- ২ (EDBN 2531)<br>(৮ক) কৃষি শিক্ষা শিক্ষণ- ১ (EDBN 1532)<br>(৮খ) কৃষি শিক্ষা শিক্ষণ- ২ (EDBN 2532)<br>(১০ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষণ- ১ (EDBN 1533)<br>(১০খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শিক্ষণ- ২ (EDBN 2533) | ১৫০ নম্বর |

- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে রেজিস্ট্রেশন করার সময় শিক্ষার্থীদের নৈর্বাচনিক বিষয় নির্বাচন করতে হবে। স্নাতক/সমমান পর্যায়ে পঠিত বিষয়ের সাথে মিল রেখে বিএড প্রোগ্রামের নৈর্বাচনিক বিষয় নির্বাচন করতে হবে। স্নাতক/সমমান পর্যায়ে পঠিত প্রোগ্রামের বিষয় যদি বিএড প্রোগ্রামের নৈর্বাচনিক বিষয় তালিকায় অন্তর্ভুক্ত না থাকে তবে স্কুল অব এডুকেশনের অনুমতি সাপেক্ষে এইচএসসি/সমমান পর্যায়ে পঠিত বিষয়সমূহের সাথে মিল রেখে বিএড প্রোগ্রামে নৈর্বাচনিক বিষয় নির্বাচন করা যাবে।

## ২.২: টিউটোরিয়াল সেশন ও উপস্থিতি

- সাধারণত প্রতি ইংরেজি মাসের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শুক্রবার বিএড প্রোগ্রামের টিউটোরিয়াল সেশন অনুষ্ঠিত হবে।
- প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতি সিমেস্টারে পাঠদান অনুশীলন সংশ্লিষ্ট ৮টি টিউটোরিয়াল সেশনে যোগদান আবশ্যিক। কোন শিক্ষার্থী যুক্তি সংগত কারণ ব্যতীত পাঠদান অনুশীলন সেশনে অনুপস্থিত থাকলে পাঠদান অনুশীলন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। বিষয়ভিত্তিক টিউটোরিয়াল সেশনগুলোর জন্য ৪০% উপস্থিতি বাধ্যতামূলক। কোন শিক্ষার্থী যুক্তি সংগত কারণ ব্যতীত ৪০% এর কম উপস্থিতি থাকলে সিমেস্টার শেষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি সংরক্ষণের জন্য উপস্থিতি পত্র রাখা হবে এবং উপস্থিতিপত্র পাঠদান অনুশীলন পরীক্ষা শেষে বহি:পরীক্ষকের স্বাক্ষরসহ সিমেস্টার ফাইনাল পরীক্ষার পূর্বে ডিন, স্কুল অব এডুকেশন বরাবর প্রেরিত হবে।

## ২.৩: কোর্সভিত্তিক মানবন্টন

### প্রথম সিমেস্টার

| বাধ্যতামূলক বিষয়াবলি | তত্ত্বীয় | নির্ধারিত কাজ | মোট |
|---|---|---|---|
| আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ১ | ৪০ | ১০ | ৫০ |
| আবশ্যকীয় শিক্ষণ দক্ষতাসমূহ- ২ | ৪০ | ১০ | ৫০ |
| মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ১ | ৪০ | ১০ | ৫০ |
| মাধ্যমিক শিক্ষা, শিক্ষাক্রম ও শিশুর ক্রমবিকাশ- ২ | ৪০ | ১০ | ৫০ |

| শিক্ষণ বিষয়াবলি | তত্ত্বীয় | নির্ধারিত কাজ | মোট |
|---|---|---|---|
| প্রতিটি নৈর্বাচনিক বিষয় | ৬০ | ১৫ | ৭৫ |
| প্রতিটি নৈর্বাচনিক বিষয় | ৬০ | ১৫ | ৭৫ |
| পাঠদান অনুশীলন মূল্যায়ন | | | ১২৫ |
| মৌখিক পরীক্ষা | | | ২৫ |
| | | **সর্বমোট** | **৫০০** |

### দ্বিতীয় সিমেস্টার

| বাধ্যতামূলক বিষয়াবলি | তত্ত্বীয় | নির্ধারিত কাজ | মোট |
|---|---|---|---|
| শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ১ | ৪০ | ১০ | ৫০ |
| শিখন, মূল্যযাচাই ও প্রতিফলনমূলক অনুশীলন- ২ | ৪০ | ১০ | ৫০ |
| মৌলিক কম্পিউটার দক্ষতা | ২৫ | ব্যবহারিক = ২৫ | ৫০ |
| কর্মসহায়ক গবেষণা | ২৫ | গবেষণা রিপোর্ট = ২৫ | ৫০ |

| শিক্ষণ বিষয়াবলি | তত্ত্বীয় | নির্ধারিত কাজ | মোট |
|---|---|---|---|
| প্রতিটি নৈর্বাচনিক বিষয় | ৬০ | ১৫ | ৭৫ |
| | ৬০ | ১৫ | ৭৫ |
| পাঠদান অনুশীলন মূল্যায়ন | | | ১২৫ |
| মৌখিক পরীক্ষা | | | ২৫ |
| | | সর্বমোট = | ৫০০ |

## ২.৪: টিউটোরিয়াল সেশন ও পাঠদান অনুশীলনের সময়সূচি

### ১ম সিমেস্টার

| ১ম মাস | | | | ২য় মাস | | | | ৩য় মাস | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র |
| সূচনা সেশন | ক | ক | খ* | খ* | ক | ক | গ* | খ* | ক | ক | ঘ* |

| ৪র্থ মাস | | | | ৫ম মাস | | | | ৬ষ্ঠ মাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | |
| খ* | ক | ক | ঘ* | খ* | ক | ক | ঘ* | টিউটোরিয়াল ক্লাস, চূড়ান্ত পরীক্ষা ও পাঠদান অনুশীলন |

### ২য় সিমেস্টার

| ১ম মাস | | | | ২য় মাস | | | | ৩য় মাস | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র |
| সূচনা সেশন | ক | ক | গ* | খ* | ক | ক | ঘ* | খ* | ক | ক | ঘ* |

| ৪র্থ মাস | | | | ৫ম মাস | | | | ৬ষ্ঠ মাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | ১ম শুক্র | ২য় শুক্র | ৩য় শুক্র | ৪র্থ শুক্র | |
| খ* | ক | ক | ঘ* | খ* | ক | ক | পাঠদান অনুশীলন ও অভ্যন্তরীণ মূল্যায়ন (**) | টিউটোরিয়াল ক্লাস, চূড়ান্ত পরীক্ষা ও পাঠদান অনুশীলন |

* ক = বিষয় ভিত্তিক টিউটোরিয়াল সেশন;
* খ = পাঠদান অনুশীলন ওরিয়েন্টেশন;
* গ = পাঠদান অনুশীলন;
* ঘ = পাঠদান অনুশীলন ও অভ্যন্তরীণ মূল্যায়ন (২৫ নম্বর);

** যদি কোন নিয়মিত শিক্ষার্থী ১ম সিমেস্টারের ১ম, ২য় এবং ৩য় পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার মধ্যে যে কোন একটি পাঠদান মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হয় তাহলে সে ১ম সিমেস্টারের চূড়ান্ত পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার সময় চূড়ান্ত পাঠদান অনুশীলনী পরীক্ষার পাশাপাশি তা দিয়ে দিতে পারবেন। একই ভাবে যদি কোন নিয়মিত শিক্ষার্থী ২য় সিমেস্টারের ১ম, ২য় এবং ৩য় পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার মধ্যে যে কোন একটি পাঠদান মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হয় তাহলে সে ২য় সিমেস্টারের চূড়ান্ত পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার সময় চূড়ান্ত পাঠদান অনুশীলনী পরীক্ষার পাশাপাশি তা দিয়ে দিতে পারবেন। উল্লেখ্য, যদি কোন শিক্ষার্থী কোন সিমেস্টারের একাধিক পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষা দিতে ব্যর্থ হয় তবে ঐ শিক্ষার্থীকে পরবর্তী ব্যাচের শিক্ষার্থীদের সাথে সংশিষ্ট সিমেস্টারের সংশিষ্ট পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার সময় অনিয়মিত শিক্ষার্থী হিসেবে পুন:পরীক্ষার ফি জমাদান সাপেক্ষে পরীক্ষা দিতে পারবে।

অনিয়মিত শিক্ষার্থীদের মধ্যে যিনি যে সিমেস্টারের যে পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হয়েছেন তিনি

পরবর্তী ব্যাচের সেই সিমেস্টারের সেই পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষায় নিয়মিত শিক্ষার্থীদের সাথে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে পুন:পরীক্ষার ফি জমাদান সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবেন। উদাহরণ স্বরূপ বলা যায়, জনাব আবদুর রহিম ২০১১ ব্যাচের ১ম সিমেস্টারের ১ম মূল্যায়ন, ২য় মূল্যায়ন এবং ২য় সিমেস্টারের ৩য় মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হয়েছেন। এক্ষেত্রে তিনি আগ্রহী হলে ২০১২ ব্যাচের ১ম সিমেস্টারের ১ম মূল্যায়নের সাথে ১ম মূল্যায়ন, ২য় মূল্যায়নের সাথে ২য় মূল্যায়ন এবং ২য় সিমেস্টারের ৩য় মূল্যায়নের সাথে ৩য় মূল্যায়ন পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থী হিসেবে পুন:পরীক্ষার ফি জমাদান সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবেন।

**বি:দ্র:** (ক) এক শিক্ষা বর্ষের ১ম ও ২য় সিমেস্টার অতিক্রান্ত হওয়ার পর যারা পরবর্তী ব্যাচের পরীক্ষার সাথে অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা অনিয়মিত শিক্ষার্থী বলে বিবেচিত হবেন।

(খ) ফলাফল প্রকাশের পর পরীক্ষা বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে শিক্ষার্থীদের প্রতি মূল্যায়নের জন্য ১২০.০০ টাকা পুন:পরীক্ষার ফি হিসাবে জমা দিতে হবে। মূল্যায়ন পরীক্ষার সময় টাকা জমা দেবার রশিদ (শিক্ষার্থীর অংশ) সংশ্লিষ্ট অভ্যন্তরীণ পরীক্ষককে দেখাতে হবে।

## ২.৫: পাঠ উপস্থাপন

- ১ম সিমেস্টারে ০৮টি পাঠদান অনুশীলন (Teaching Practice)-এর ওরিয়েন্টেশন এবং পাঠদান উপস্থাপন (Presentation) এবং ২য় সিমেস্টারেও ০৮টি পাঠদান অনুশীলন (Teaching Practice)-এর ওরিয়েন্টেশন এবং পাঠদান উপস্থাপন (Presentation) অনুষ্ঠিত হবে।
- ১ম সিমেস্টারে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ নিজ বা সংশ্লিষ্ট বিদ্যালয়ে পাঠ টীকাসহ মোট ৪০টি অনুশীলনী পাঠদান নিতে

হবে এবং প্রমাণ হিসেবে প্রধান শিক্ষকের স্বাক্ষরসহ প্রথম পাঠ উপস্থাপনে ১০টি, দ্বিতীয় পাঠ উপস্থাপনে ১০টি এবং তৃতীয় পাঠ উপস্থাপনে ২০টি করে মোট ৪০টি পাঠটীকা জমা দিতে হবে।

- ২য় সিমেস্টারে প্রত্যেক শিক্ষার্থীকে নিজ নিজ বা সংশ্লিষ্ট বিদ্যালয়ে পাঠ টীকাসহ মোট ৫০টি অনুশীলনী পাঠদান নিতে হবে এবং প্রমাণ হিসেবে প্রধান শিক্ষকের স্বাক্ষরসহ প্রথম পাঠ উপস্থাপনে ১০টি, দ্বিতীয় পাঠ উপস্থাপনে ২০টি এবং তৃতীয় পাঠ উপস্থাপনে ২০টি করে মোট ৫০টি পাঠটীকা জমা দিতে হবে।
- পাঠ উপস্থাপন অর্থাৎ পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার দিন শিক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে-

ক. পাঠটীকায় নির্ধারিত বিদ্যালয়ের প্রধানের নিকট থেকে শিক্ষণ-শিখন কার্যক্রম সম্পন্ন হয়েছে এই মর্মে অনুমোদন থাকতে হবে।

খ. পাঠ উপস্থাপনের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, বই এবং পর্যবেক্ষণ ডায়েরি শিক্ষার্থীর সঙ্গে থাকতে হবে।

গ. শিক্ষার্থীকে মার্জিত পোশাক পরিধান করতে হবে।

ঘ. পাঠ উপস্থাপনের সময় শিক্ষার্থীকে মান ভাষা ব্যবহার, মুদ্রাদোষ পরিহারসহ শিক্ষণ দক্ষতাসমূহের যথাযথ প্রয়োগ করতে হবে।

## ২.৬: পরীক্ষার সময়সীমা ও ভাষা

- প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কিন্তু পরবর্তিতে প্রতিটি বিষয়ের নম্বর আনুপাতিক হারে পরিবর্তন করে রেগুলেশন ও ছাত্র নির্দেশিকায় উল্লেখিত বিষয়ভিত্তিক মানবন্টন অনুসারে নির্ধারণ করা হবে।
- সকল বিষয়ের পরীক্ষার সময়সীমা হবে ০৩ (তিন) ঘন্টা।

- শিক্ষার্থীরা বাংলা অথবা ইংরেজি যে কোনো ভাষায় পরীক্ষার উত্তর লিখতে পারবে। তবে ইংরেজি ভাষা কোর্স ইংরেজিতে এবং বাংলা ভাষা কোর্স বাংলায় লিখতে হবে।

## ২.৭: প্রশ্নপত্রের ধরণ

যে কোনো কোর্সের তত্ত্বীয় পরীক্ষার ক্ষেত্রে-

- সমস্ত বই থেকে প্রশ্ন থাকবে।
- মোট ০৮ (আট) টি প্রশ্ন থাকবে; ০৫ (পাঁচ) টি প্রশ্নের উত্তর দিতে হবে।
- প্রত্যেক প্রশ্নের একাধিক অংশ থাকবে। তবে প্রতিটি অংশের নম্বর বন্টন উল্লেখ থাকবে। উল্লেখ্য, একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর পর পর লিখতে হবে।

## ২.৮: পাঠদান অনুশীলন ও মৌখিক পরীক্ষা

- একজন শিক্ষার্থীকে দুইটি স্কুল বিষয়ের প্রতিটিতে ৪৫টি করে মোট ৯০টি পাঠদান অনুশীলন করতে হবে।
- পাঠদান অনুশীলনে বরাদ্দকৃত ২৫০ নম্বরের মধ্যে ধারাবাহিক মূল্যায়নের জন্য প্রতি সিমেস্টারে (২৫+২৫+২৫) ৭৫ নম্বর করে দুই সিমেস্টারে মোট ১৫০ নম্বর বরাদ্দ থাকবে এবং প্রতি সিমেস্টারের শেষে ৫০ নম্বর করে দুই সিমেস্টারে মোট ১০০ নম্বরের চুড়ান্ত পাঠদান অনুশীলন পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রতি সিমেস্টারে ২৫ নম্বর করে মোট ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

[পাঠদান অনুশীলন বিএড প্রোগ্রামের একটি অপরিহার্য অঙ্গ]

## ২.৯: নির্ধারিত কাজ

- নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

- নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে।
- নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করতে হবে।
- নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

  ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, শিক্ষার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি, উল্লেখ থাকবে।
  খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।
  গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।
  ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।
  ঙ. নির্ধারিত কাজটি A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কসটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

- বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। শিক্ষার্থীবৃন্দ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিতে হবে এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করতে হবে।
- কোন শিক্ষার্থীর নির্ধারিত কাজে নিম্নলিখিত কোন একটি অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর নির্ধারিত কাজ বাতিল সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিম্নলিখিত কর্মকাণ্ড অবৈধ বলে বিবেচিত হবে:

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।
খ. স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।
গ. নির্ধারিত কাজ জমাদানে অবৈধভাবে অর্থের লেনদেন করা।
ঘ. নির্ধারিত কাজ ফটোকপি করে জমা দান।

## ২.১০: গবেষণা রিপোর্ট

- কোর্স চলাকালীন সময়ে কর্মসহায়ক গবেষণার বিভিন্ন দিক (সমস্যা নির্বাচন, জার্নাল লেখা, তথ্য সংগ্রহ ও তথ্য বিশ্লেষণ ইত্যাদি) সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।
- টিউটোরিয়াল অধিবেশনে শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ অনুশীলনকৃত বিদ্যালয়/শ্রেণিকক্ষ ভিত্তিক বিভিন্ন শিক্ষণ-শিখন সমস্যার উপর নমুনা কর্মসহায়ক গবেষণা পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করে নমুনা গবেষণা প্রতিবেদন টিউটরের নিকট জমা দিতে হবে।
- পরবর্তীতে একটি নিদিষ্ট অধিবেশনে নমুনা প্রতিবেদন শ্রেণিকক্ষে উপস্থাপন ও আলোচনার মাধ্যমে কর্মসহায়ক গবেষণার সমস্যা নির্ধারণ ও ধাপ সম্পর্কে টিউটোরের সহযোগীতায় সুস্পষ্ট ধারণা অর্জন করতে হবে।
- পরবর্তীতে টিউটোরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ গবেষণা প্রকল্পের শিরোনাম নির্ধারণ করে কর্মসহায়ক গবেষণার ধাপ অনুসরন করে হাতে কলমে কাজ করে একটি চূড়ান্ত গবেষণা রিপোর্ট তৈরি করে তা নিদিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।
- কর্মসহায়ক গবেষণার সমস্যা অবশ্যই নিজের শ্রেণিকক্ষের/বিদ্যালয়ের এবং শিক্ষণ-শিখন সমস্যা সম্পর্কিত হবে।

- কর্মসহায়ক গবেষণার ধাপগুলো যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।
- গবেষণা রিপোর্ট তৈরিতে কোন ভাবেই অন্যের কাছ থেকে কপি করা বা অন্য কোন অসুদপায় অবলম্বন করা যাবে না। অসুদপায় অবলম্বন করা হয়েছে এরূপ প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর গবেষণা রিপোট বাতিল সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ২.১১: ব্যবহারিক

- কোর্স চলাকালীন সময়ে কম্পিউটার পরিচালনার বিভিন্ন দিক সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।
- ব্যবহারিক পরীক্ষার পূর্বেই শিক্ষার্থীকে কম্পিউটার পরিচালনা, Microsoft Office Software, E-mail আদান প্রদান সহ Internet ব্যবহারে পারদর্শি হতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময় টিউটর এবং বহি:পরীক্ষকের উপস্থিতিতে শিক্ষার্থীকে এ সকল দক্ষতাসমূহ হাতে কলমে প্রদর্শন করতে হবে।

## ২.১২: পাস নম্বর ও ডিগ্রি প্রাপ্তির শর্ত

- তত্ত্বীয় বিষয়ে পাস নম্বর হবে ৩৬%।
- মৌখিক পরীক্ষার পাস নম্বর হবে ৪০%।
- পাঠদান অনুশীলন পরীক্ষার পাস নম্বর হবে ৪০%।
- ব্যবহারিক পরীক্ষার পাস নম্বর হবে ৪০%।
- গবেষণা রিপোর্টে পাস নম্বর হবে ৪০%।
- ডিগ্রি অর্জন করতে হলে ন্যূনতম মোট ৩৭৪ নম্বর পেতে হবে।
- গড়ে ৬০% বা তদুর্ধ্ব = প্রথম শ্রেণি।
- গড়ে ৪৫% বা তদুর্ধ্ব কিন্তু ৬০% এর কম = দ্বিতীয় শ্রেণি।
- গড়ে ৪০% বা তদুর্ধ্ব কিন্তু ৪৫% এর কম = ৩য় শ্রেণি।

# তৃতীয় অধ্যায়ঃ প্রয়োজনীয় ঠিকানা

## ৩.১ঃ বিএড প্রোগ্রাম সংক্রান্ত যে কোনো তথ্য জানার ঠিকানাঃ

সমন্বয়কারী
বিএড প্রোগ্রাম
স্কুল অব এডুকেশন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর- ১৭০৫।
ফোনঃ ৯২৯১১০৭, ৯২৯১১০১-৪/২৯৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯২৯১১২২, ৯২৯১১৩০

## ৩.২: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা:

| ক্রমিক নম্বর | আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর | ক্রমিক নম্বর | আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ও ফোন নম্বর |
|---|---|---|---|
| ০১ | ঢাকা আঞ্চলিক কেন্দ্র<br>৪/ক, গভমেন্ট ল্যাবরেটরি স্কুল রোড<br>ধানমন্ডি ঢাকা- ১২০৫।<br>☎৯৬৭৩৬৬৯<br>৮৬১৯৬২০ | ০৭ | যশোর আঞ্চলিক কেন্দ্র<br>যশোর উপ-শহর<br>পোস্ট: উপ-শহর<br>যশোর।<br>☎ ০৪২১-৬৮৫২৬ |
| ০২ | বগুড়া আঞ্চলিক কেন্দ্র<br>বিশ্বরোড, বনানী<br>বগুড়া- ৫৮০০।<br>☎ ০৫১-৬২৯৭৪ | ০৮ | ফরিদপুর আঞ্চলিক কেন্দ্র<br>হাড়োকান্দি, বরিশাল রোড<br>ফরিদপুর।<br>☎ ০৬৩১-৬২০৮১ |
| ০৩ | কুমিল্লা আঞ্চলিক কেন্দ্র<br>ঢাকা-চট্টগ্রাম ট্রাংক রোড<br>নোয়াপাড়া, দুর্গাপুর<br>কুমিল্লা।<br>☎ ০৮১-৭৭৫৫৭ | ০৯ | সিলেট আঞ্চলিক কেন্দ্র<br>পিরিজপুর<br>দক্ষিণ সুরমা<br>সিলেট।<br>☎ ০৮২১-৭১৯৫২৩ |
| ০৪ | বরিশাল আঞ্চলিক কেন্দ্র<br>হাউজিং এস্টেট, রূপাতলী<br>ডাকঘর: জাগুয়া<br>বরিশাল।<br>☎ ০৪৩১-২১৭৬২৮২ | ১০ | রাজশাহী আঞ্চলিক কেন্দ্র<br>নওহাটা<br>পবা<br>রাজশাহী।<br>☎ ০৭২১-৮০০০০৮ |
| ০৫ | রংপুর আঞ্চলিক কেন্দ্র<br>আর.কে. রোড<br>রংপুর।<br>☎ ০৫২১-৬৩৫৯৩ | ১১ | চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র<br>সি.আর.বি রোড<br>চট্টগ্রাম।<br>☎ ০৩১-৬১৯৬৩৩ |
| ০৬ | ময়মনসিংহ আঞ্চলিক কেন্দ্র<br>মাসকান্দা<br>ময়মনসিংহ।<br>☎ ০৯১-৬৫২৯৮ | ১২ | খুলনা আঞ্চলিক কেন্দ্র<br>রোশনীবাগ<br>ডাকঘর- খুলনা বিশ্ববিদ্যালয়<br>খুলনা- ৯২০৮।<br>☎ ০৪১-৭৩১৭৯৫ |

## ৩.৩: স্টাডি সেন্টারসমূহের নাম ও ঠিকানা

| আঞ্চলিক কেন্দ্র | স্টাডি সেন্টার কোড নম্বর | স্টাডি সেন্টার | জেলা | ফোন নম্বর |
|---|---|---|---|---|
| ঢাকা | ০০ | টিচার্স ট্রেনিং কলেজ | ঢাকা | 8613467 |
| | ১০ | নায়েম | ঢাকা | 8627199 |
| | ১৪ | খান বাহাদুর আহছান উল্লা টিচার্স ট্রেনিং কলেজ | ঢাকা | |
| | ২৫ | বাউবি মডেল স্টাডি সেন্টার | গাজীপুর | 9291107 |
| | ১১ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) | গাজীপুর | 9291537 |
| কুমিল্লা | ০৩ | টিচার্স ট্রেনিং কলেজ | কুমিল্লা | 081-76063 |
| | ০৪ | টিচার্স ট্রেনিং কলেজ | ফেনী | 0331-62642 |
| চট্টগ্রাম | ০৫ | টিচার্স ট্রেনিং কলেজ | চট্টগ্রাম | 031-613219 |
| সিলেট | ২৪ | টিচার্স ট্রেনিং কলেজ | সিলেট | 0821-760634 |
| ময়মনসিংহ | ০১ | টিচার্স ট্রেনিং কলেজ (পুরুষ) | ময়মনসিংহ | 091-54237 |
| ফরিদপুর | ২২ | টিচার্স ট্রেনিং কলেজ | ফরিদপুর | 0631-721344 |
| বরিশাল | ২৩ | সরকারি শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টিটি কলেজ, কাশীপুর, বরিশাল | বরিশাল | 0431-56676 |
| | ২৬ | ভোলা অধ্যক্ষ নজরুল ইসলাম টিচার্স ট্রেনিং কলেজ | চরফ্যাশন, ভোলা | 01721-884505 |
| যশোর | ০৭ | টিচার্স ট্রেনিং কলেজ | যশোর | 0421-66461 |
| খুলনা | ০৬ | টিচার্স ট্রেনিং কলেজ | খুলনা | 041-774551 |
| বগুড়া | ১৮ | পিটিআই, বগুড়া | বগুড়া | |
| রাজশাহী | ০৮ | টিচার্স ট্রেনিং কলেজ | রাজশাহী | 0721-772188 |
| | ১২ | টিচার্স ট্রেনিং কলেজ | পাবনা | 0731-65329 |
| রংপুর | ০৯ | টিচার্স ট্রেনিং কলেজ | রংপুর | 0521-62041 |
| | ২১ | দিনাজপুর সরকারী কলেজ | দিনাজপুর | 0531-63360 |

**পরামর্শ:**

শিক্ষার্থী যথাসম্ভব নিকটবর্তী স্টাডি সেন্টার নির্বাচন করবেন, এতে টিউটোরিয়াল সেশনে যোগদান করা সহজ হবে।

**বি:দ্র:** ভর্তির পর কোনো অবস্থাতেই কোর্স ও স্টাডি সেন্টার পরিবর্তন করা যাবে না। স্কুল অব এডুকেশন বিএড প্রোগ্রামের বৃহত্তর স্বার্থে যে কোনো পরিবর্তন আনতে পারে। এ রকম পরিস্থিতিতে শিক্ষার্থীদের পূর্বেই অবহিত করা হবে।

## ৩.৪: জনতা ব্যাংকের নির্ধারিত শাখাসমূহের ঠিকানা

| ক্রমি. নং | নাম | জেলা |
|---|---|---|
| ১. | জনতা ব্যাংক, ঢাকা কলেজ গেইট শাখা, মিরপুর রোড | ঢাকা |
| ২. | জনতা ব্যাংক, সদরঘাট শাখা, পাটুয়াটুলি | ঢাকা |
| ৩. | জনতা ব্যাংক, গুলশান শাখা | ঢাকা |
| ৪. | জনতা ব্যাংক, এলিফেন্ট রোড শাখা (বাটার মোড়) | ঢাকা |
| ৫. | জনতা ব্যাংক, শান্তিনগর শাখা | ঢাকা |
| ৬. | জনতা ব্যাংক, মিরপুর- ১ | ঢাকা |
| ৭. | জনতা ব্যাংক, গন্ধমতি শাখা, কোর্টবাড়ি | কুমিল্লা |
| ৮. | জনতা ব্যাংক, প্রধান শাখা | ফেনী |
| ৯. | জনতা ব্যাংক, প্রধান শাখা, চকবাজার | চট্টগ্রাম |
| ১০. | জনতা ব্যাংক, প্রধান শাখা | সিলেট |
| ১১. | জনতা ব্যাংক, প্রধান শাখা, দুর্গাবাড়ি রোড | ময়মনসিংহ |
| ১২. | জনতা ব্যাংক, প্রধান শাখা | ফরিদপুর |
| ১৩. | জনতা ব্যাংক, প্রধান শাখা | বরিশাল |
| ১৪. | জনতা ব্যাংক, প্রধান শাখা, মিস্ত্রীখানা রোড | যশোর |
| ১৫. | জনতা ব্যাংক, বি.আই.টি. শাখা | খুলনা |
| ১৬. | জনতা ব্যাংক, প্রধান শাখা | বগুড়া |
| ১৭. | জনতা ব্যাংক, প্রধান শাখা | রাজশাহী |
| ১৮. | জনতা ব্যাংক, কর্পোরেট শাখা | পাবনা |
| ১৯. | জনতা ব্যাংক, প্রধান শাখা | রংপুর |
| ২০. | জনতা ব্যাংক, প্রধান শাখা | দিনাজপুর |

**বি.দ্র.:** নির্ধারিত ব্যাংকের শাখা ছাড়া অন্য কোনো ব্যাংকে টাকা জমা দিলে তা কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

# চতুর্থ অধ্যায়: পরিচিতিমূলক তথ্য

## ৪.১: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ১৯৯২ সালে বিভিন্ন স্কুল/অনুষদের মাধ্যমে শিক্ষা কার্যক্রম সূচনা করে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২-এ বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য বর্ণিত হয়েছে এভাবে- "যে কোন ধরনের যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বহুমুখী পন্থায় সর্বস্তরের শিক্ষা ও জ্ঞান-বিজ্ঞানের সম্প্রসারণ, শিক্ষার মান উন্নয়ন এবং শিক্ষাকে গণমুখীকরণের মাধ্যমে সর্বসাধারণের নিকট শিক্ষার সুযোগ পৌঁছাইয়া দেওয়া এবং সাধারণভাবে জনগণের শিক্ষার মান উন্নীত করিয়া দক্ষ জনগোষ্ঠী সৃষ্টি করা"।

## ৪.২: উন্মুক্ত ও দূরশিক্ষা পদ্ধতি

উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় প্রধানত দূরশিক্ষণ পদ্ধতি অনুসৃত হয়। "দূরশিক্ষণ" কথাটি বলতে সাধারণ অর্থে দূরে বসে শেখার কাজটিকে বোঝানো হয়। এই দূরে বসে শেখার কাজটি আসলে নিজে নিজে পড়ে বা করে শেখারই কাজ। এটি কোনোক্রমেই প্রথাগত শিক্ষা পদ্ধতি নয়। কারণ এ শিক্ষা ব্যবস্থায় একজন শিক্ষার্থী নির্দিষ্ট ক্যাম্পাসে উপস্থিত থেকে নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী শিক্ষকের কাছ থেকে পাঠ গ্রহণ করেন না। তবে বিভিন্ন প্রোগ্রামের ক্ষেত্রে সুনির্দিষ্ট শিক্ষাক্রম ও পাঠ্যসূচি অনুসৃত হয়ে থাকে এবং শেখার কাজে সহায়তা দানের উদ্দেশ্যে শিক্ষার্থীদের সুপরিকল্পিত ও পদ্ধতি-নির্ভর পাঠসামগ্রী সরবরাহ করা হয়। বস্তুত এ কারণে পাঠ্যবইগুলোই বহুলাংশে শিক্ষকের ভূমিকা পালন করে। সংক্ষেপে দূরশিক্ষণের বৈশিষ্ট্যগুলো এভাবে চিহ্নিত করা যায়:

- শেখার কাজে শিক্ষার্থী নিজেই দায়িত্ব গ্রহণ করেন;
- শেখার স্থান ও সময় শিক্ষার্থী নিজস্ব সুবিধা মতো ঠিক করে নেন;

- ব্যক্তিগত অথবা দলগতভাবে শেখার কাজ করা যেতে পারে;
- নিজস্ব গতিতে শেখার কাজে অগ্রসর হওয়া যায়;
- শেখার কাজে শিক্ষার্থী সক্রিয় ও তৎপর থাকতে পারেন এবং
- শিক্ষার্থী নিজেই নিজের অগ্রগতি মূল্যায়ন করতে পারেন।

উল্লিখিত দিকগুলো ছাড়াও শিক্ষার্থীগণ নিজেদের পছন্দ মতো অন্যান্য মাধ্যমে ও বিভিন্ন উপকরণ ব্যবহার করতে পারেন। এ ক্ষেত্রে শ্রবণ-দর্শন উপকরণ, বেতার ও টিভির মাধ্যমে নির্দিষ্ট পাঠ সংক্রান্ত অনুষ্ঠানই মূখ্য ভূমিকা পালন করে থাকে।

দূরশিক্ষণ ব্যবস্থায় টিউটোরিয়াল সার্ভিস ও স্টাডি সেন্টারসমূহে টিউটরগণ শিক্ষার্থীর পাঠ সংক্রান্ত অপেক্ষাকৃত সমস্যামূলক বিশেষ দিকগুলো নিয়ে আলোচনা করেন এবং নির্ধারিত কাজ (Assignment) সম্পর্কিত নির্দেশনা দিয়ে থাকেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন পরিচালিত বিএড প্রোগ্রাম 'স্বশিখন' পদ্ধতি-নির্ভর। এ প্রোগ্রামের মুদ্রিত পাঠ্যপুস্তকসমূহ প্রণয়নে মড্যুলার পদ্ধতি অনুসৃত হয়েছে।

## ৪.৩: স্কুল অব এডুকেশন পরিচিতি

বর্তমানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৬ (ছয়) টি স্কুল বা অনুষদ কাজ করছে। এর মধ্যে স্কুল অব এডুকেশন অন্যতম। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম প্রবর্তনে স্কুল অব এডুকেশন অগ্রণী ভূমিকা পালন করে। বস্তুত শিক্ষাকে একটি স্বতন্ত্র শাস্ত্র (Discipline) হিসেবে স্বীকৃতিদান এবং বিভিন্ন প্রোগ্রামের (এমএড, বিএড ও সিএড) গুণগত মানের ক্ষেত্রে আন্তর্জাতিক তুল্যতা রক্ষায় স্কুল অব এডুকেশন নিবেদিত।

## ৪.৪: টিউটরবৃন্দ

সিমেস্টার ভিত্তিতে বাউবি কর্তৃক নিয়োগদানকৃত বিষয় বিশেষজ্ঞ টিউটরগণ টিউটোরিয়াল সার্ভিস সেন্টারসমূহে দায়িত্ব পালন করেন।

## ৪.৫: বিএড প্রোগ্রাম কমিটি

**সমন্বয়কারী**
প্রফেসর মো: আনোয়ারুল ইসলাম
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬১৩

**সদস্য**
প্রফেসর ড. মো: মোহসীন উদ্দিন
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬০৮

প্রফেসর ড. সোয়াইব আহমেদ
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬১০

প্রফেসর ড. লাভলী আখতার ডলি
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬১২

এমএস ফাহ্‌মিদা হক
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬০৯

এমএস সাকিবা ফেরদৌসী
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ১১০

জনাব মো: জহুরুল ইসলাম
ফোন: ৯২৯১১০১-৪ Ext.- ৬১৪